"মুজিব বর্ষের আহবান,
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২০. ৩২৯

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৭ / ২৪ নভেম্বর ২০২০

বিষয়: জনাব মোঃ ইকবাল শাহজাহান, ফিল্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ২৪/২০২১ তারিখ: ২৪/১১/২১)।

অভিযোগনামা

যেহেতু, পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রংপুর এর নিকট হতে স্মারক নম্বর: ৪১.২৭. ৮৫০০.০০০.২৭.০০৩.১৯.৫৭ তারিখ ২৬/০১/২০২০ যোগে প্রাপ্ত পত্রে জানা যায় বিগত ২২/০১/২০২০ বুধবার দুপুর ১১:৫৫ ঘটিকায় জনাব মোঃ দবিরুল ইসলাম, পিতা- মৃত লালু শেখ, গ্রাম- ধরমপাড়া, ইউনিয়ন- কঞ্চিপাড়া, উপজেলা- ফুলছড়ি, জেলা- গাইবান্ধা তার ১৩ বছরের মেয়ে মোছাঃ ইয়ামনিকে প্রতিবন্ধী জরিপে অন্তর্ভূক্ত করার নিমিত্ত উপজেলা সমাজসেবা কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান এর নিকট আসেন। কিন্তু মেয়েটি প্রতিবন্ধী না হওয়ায় জরিপ ফরমে স্বাক্ষর না করে কর্মকর্তা সরকারি নীতিমালার কথা বলে জনাব মোঃ দবিরুল ইসলাম কে বিদায় করেন;

যেহেতু, পরবর্তীতে আপনি জনাব মোঃ ইকবাল শাহজাহান, ফিল্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা (বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা কর্মরত) এর প্রত্যক্ষ প্ররোচনায় জনাব মোঃ দবিরুল ইসলাম ক্ষিপ্ত হয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধার কক্ষে পুনরায় প্রবেশ করে গালি গালাজ করতে থাকেন এবং এক পর্যায়ে কর্মকর্তাকে চেয়ার থেকে তুলে উপর্যুপরি কিল-ঘুষি মারতে থাকেন। এ সময় অফিসের অন্যান্য কর্মচারী এসে জনাব মোঃ দবিরুল ইসলাম এর নিকট হতে কর্মকর্তাকে উদ্ধার করেন এবং জনাব মোঃ দবিরুল ইসলামকে পুলিশের নিকট সোপর্দ করেন। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা মোবাইল কোর্টের মাধ্যমে সরকারি কাজে বাধা প্রদান করায় জনাব মোঃ দবিরুল ইসলামকে এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে জেলহাজতে প্রেরণ করেন;

যেহেতু, উক্ত ঘটনা প্রাথমিক তদন্তকালে ফুলছড়ি, গাইবান্ধা থানার এস. আই জনাব মোঃ আব্দুল হক মিলন ও ঘটনার সময় উপস্থিত উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা এর কর্মচারীগণ সকলেই আপনাকে দোষী সাব্যস্থ করে লিখিত জবানবন্দী প্রদান করেছেন। প্রাথমিক তদন্তে আপনি জনাব মোঃ ইকবাল শাহজাহান এর প্ররোচনায় জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা এর সহিত জনাব মোঃ দবিরুল ইসলাম কর্তৃক খারাপ আচরণ ও মারপিট করার অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভূক্ত এবং একই বিধিমালায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ ইকবাল শাহজাহান কে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত : অভিযোগ বিবরণী-০১ পাতা।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ০২৫৫০০৭০২৪

জনাব মোঃ ইকবাল শাহজাহান
ফিল্ডসুপারভাইজার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৫.২০. ৩২৯ (৩)

তারিখ: ০৫ অগ্রহায়ন ১৪২৭
২৪ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক(কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রংপুর।

৪. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ণ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা।

৬. সহকারী পরিচালক(অর্থ/প্রশাসন-২), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৭. উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ/ফুলছড়ি, গাইবান্ধা।

৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

১৮/১১/২০২০
মোঃ নূরুল হক মিয়া
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)

অভিযোগ বিবরণী

বিগত ২২/০১/২০২০ বুধবার দুপুর ১১:৫৫ ঘটিকায় জনাব মোঃ দবিরুল ইসলাম, পিতা- মৃত লালু শেখ, গ্রাম- ধরমপাড়া, ইউনিয়ন- কঞ্চিপাড়া, উপজেলা-ফুলছড়ি, জেলা- গাইবান্ধা তার ১৩ বছরের মেয়ে মোছাঃ ইয়ামনিকে প্রতিবন্ধী জরিপে অন্তর্ভূক্ত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান এর নিকট আসেন। কিন্তু মেয়েটি প্রতিবন্ধী না হওয়ায় জরিপ ফরমে স্বাক্ষর না করে কর্মকর্তা সরকারি নীতিমালার কথা বলে জনাব মোঃ দবিরুল ইসলাম কে বিদায় করেন।

পরবর্তীতে জনাব মোঃ ইকবাল শাহজাহান, ফিল্ডসুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা (বর্তমানে উপজেলা সমাজসেবা কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা কর্মরত) এর প্রত্যক্ষ প্ররোচনায় জনাব মোঃ দবিরুল ইসলাম ক্ষিপ্ত হয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধার কক্ষে পুনরায় প্রবেশ করে গালি গালাজ করতে থাকেন এবং এক পর্যায়ে কর্মকর্তাকে চেয়ার থেকে তুলে উপর্যুপরি কিল-ঘুষি মারতে থাকেন। এ সময় অফিসের অন্যান্য কর্মচারী এসে জনাব মোঃ দবিরুল ইসলাম এর নিকট হতে কর্মকর্তাকে উদ্ধার করেন এবং জনাব মোঃ দবিরুল ইসলামকে পুলিশের নিকট সোপর্দ করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা মোবাইল কোর্টের মাধ্যমে সরকারি কাজে বাধা প্রদান করায় জনাব মোঃ দবিরুল ইসলামকে এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে জেলহাজতে প্রেরণ করেন।

উক্ত ঘটনা প্রাথমিক তদন্তকালে গাইবান্ধা জেলাধীন ফুলছড়ি থানার এস. আই জনাব মোঃ আব্দুল হক মিলন ও ঘটনার সময় উপস্থিত উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা এর কর্মচারীগণ সকলেই জনাব মোঃ ইকবাল শাহজাহান কে দোষী সাব্যস্থ করে লিখিত জবানবন্দী প্রদান করেন। প্রাথমিক তদন্তে জনাব মোঃ ইকবাল শাহজাহান এর প্ররোচনায় জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা এর সহিত জনাব মোঃ দবিরুল ইসলাম কর্তৃক খারাপ আচরণ ও মারপিট করার অভিযোগ প্রমাণিত হয়েছে।

জনাব মোঃ ইকবাল শাহজাহান এর উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক